

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৩৯

২৩/ মানত ও कসম (الله عن رسول الله عليه) کتاب النذور والأيمان عن رسول الله

পরিচ্ছেদঃ আল্লাহ্ ছাড়া অন্য কারো কসম খাওয়া হারাম।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الْحَلِفِ بِغَيْرِ اللَّهِ

আরবী

حَدَّتَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَالِمٍ، عَنْ أَبِيهِ، سَمِعَ النَّبِيُّ صلى الله عليه وسلم عُمَرَ وَهُوَ يَقُولُ وَأَبِي وَأَبِي فَقَالَ " أَلَا إِنَّ اللَّهَ يَنْهَاكُمْ أَنْ تَحْلِفُوا بِآبَائِكُمْ ". فَقَالَ عُمَرُ فَوَاللَّهِ مَا حَلَفْتُ بِهِ بَعْدَ ذَلِكَ ذَاكِرًا وَلاَ آثِرًا . قَالَ وَفِي الْبَابِ عَنْ ثَابِتِ بْنِ فَقَالَ عُمَرُ فَوَاللَّهِ مَا حَلَفْتُ بِهِ بَعْدَ ذَلِكَ ذَاكِرًا وَلاَ آثِرًا . قَالَ وَفِي الْبَابِ عَنْ ثَابِتِ بْنِ الصَّحَاكُ وَابْنِ عَبَّاسٍ وَأَبِي هُرَيْرَةَ وَقُتَيْلَةَ وَعَبْدِ الرَّحْمَنِ بْنِ سَمُرَةَ . قَالَ أَبُو عِيسَى الضَّحَاكُ وَابْنِ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . قَالَ أَبُو عِيسَى قَالَ أَبُو عُبَيْدٍ مَعْنَى قَوْلِهِ وَلاَ آثِرًا . أَنْ كُرُهُ عَنْ غَيْرِي يَقُولُ لَمْ أَذْكُرْهُ عَنْ غَيْرِي .

বাংলা

১৫৩৯। কুতায়বা (রহঃ) ... সালিম তৎপিতা ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উমার রাদিয়াল্লাহু আনহু-কে "কসম আমার পিতার, কসম আমার পিতার"-এই কথা বলতে শুনলেন। তখন তিনি বললেন, সাবধান, আল্লাহ তা'আলা তোমাদেরকে তোমাদের পিতার কসম খেতে নিষেধ করেছেন। উমার রাদিয়াল্লাহু আনহু বলেন, আল্লাহর কসম, এরপর আর আমি এর কসম খাইনি বা অন্যের বরাতেও তা উল্লেখ করেনি।

সহীহ, ইবনু মাজাহ ২০৯৪, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৩৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ছাবির ইবনু যাহহাক, ইবনু আব্বাস, আবৃ হুরায়রা, কুতায়লা, আবদুর রহমান ইবনু সামুরা রাদিয়াল্লাহু আনহ থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ। আবূ উবায়দা রাদিয়াল্লাহু আনহ বলেন, অর্থ হল অন্যের বরাতেও আমি তা উল্লেখ করেনি।

English

Narrated Salim:



From his father (Ibn 'Umar) that the Prophet () heard 'Umar saying: "By my father, By my father!" So he said: "Verily Allah prohibits you from swearing by your father." So 'Umar said: "By Allah I did not swear by him after that, neither intentionally nor in narrating."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন